

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ২৪ সেপ্টেম্বর, ২০১৬।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে : পরিচালক

বিষয় : এক জনের কোন লেখা/ইমেইলের ড্রাফট অন্যকে দিয়ে না করানো প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

সাম্প্রতিককালে ব্যবস্থাপনা লক্ষ করছে যে নিজের লেখা বা ইমেইলের কোন ড্রাফট নীচের স্তরের পদবীধারীর কোন কর্মী দিয়ে করানো হচ্ছে। এতে করে দেখা যাচ্ছে, সে কর্মীর নিজের কোন উন্নয়ন হচ্ছে না বা তার নিজের উন্নয়নের জন্য চেষ্টাও করছেন না। তাছাড়া তার কর্তৃত্ব খাটিয়ে অন্যকে দিয়ে ড্রাফটটি করিয়ে নিচ্ছেন। তাই আপনাদের সকলের অবগতির জন্য নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

১. কোন কর্মী তার নিজের লেখা বা ইমেইলের কোন ড্রাফট অন্য কর্মীকে দিয়ে করাতে পারবেন না।
২. তিনি প্রথমে নিজেই ড্রাফট করবেন এবং এক্ষেত্রে তিনি কেবল তার প্রথম এবং প্রয়োজনে দ্বিতীয় তত্ত্বাবধায়কের সাহায্য নিতে পারবেন।
৩. তিনি যদি অন্যকে দিয়ে ড্রাফট করান তাহলে যিনি করাবেন এবং যিনি করবেন দুজনের বিরুদ্ধেই প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
৪. এ সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকর করা হবে এবং আগামী ১০ অক্টোবর ২০১৬ তারিখ পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো থাকবে এবং পরবর্তীতে তা যথারীতি নির্দিষ্ট ফাইলে চলে যাবে।
৫. অত্র সার্কুলারের সাথে কেউ দ্বিমত পোষণ করলে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে যেকোন মাধ্যমে আগামী ১০ অক্টোবর ২০১৬ তারিখের মধ্যে জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে



সনত কুমার ভোঁমিক

অনুলিপি:

নির্বাহী পরিচালক

সকল উপ ও সহকারী পরিচালক

অফিস ফাইল।